



রেজিস্ট্রারের কার্যালয় বরিশাল বিশ্ববিদ্যালয়



ফোন: ০৪৩১-৬২২৪৪, ০১৭৭১-১৩১১১৩, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web: <https://bu.ac.bd>, e-mail: registrarbu@bu.ac.bd

স্মারক নং-বিইউ/রেজি/একাডেমিক/পুনঃভর্তি/১৭২(ভলিউম-১)/ ১৫৫২

তারিখ: ২৪ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

নোটিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষে পুনঃভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে নিম্ন নির্দেশনা মোতাবেক পুনঃভর্তি হতে হবে।

- ১। যে সকল শিক্ষার্থী ১ম বর্ষের ক্লাসে অংশগ্রহণ করেছেন কিন্তু ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেননি, তাদেরকে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষের মূল ভর্তি ফি'র সমপরিমাণ ফি- ১৫,১৫০ (পনের হাজার এক শত পঞ্চাশ) টাকা পরিশোধ করে আগামী ০৯/০১/২০১৯ থেকে ১৫/০১/২০১৯ তারিখের মধ্যে ১ম বর্ষে পুনঃভর্তি হতে হবে। উক্ত ফি'র সাথে কর্তৃপক্ষ নির্ধারিত ল্যাব ফি (গণিত, পদার্থবিজ্ঞান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ও ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের-২০০০/- এবং মুক্তিকা ও পরিবেশ বিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট ও প্রাণরসায়ন ও জীবপ্রযুক্তি বিজ্ঞান বিভাগের-২৫০০/-) পরিশোধ করতে হবে।
- ২। যে সকল শিক্ষার্থী ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে, তাদেরকে ২য় বর্ষের ভর্তি ফি'র সমপরিমাণ অর্থের(২২০০/-)সাথে পরবর্তী তিন বছরের সেশন ফি(৮০০/-×৩ = ২৪০০/-) দিয়ে অর্থাৎ ২২০০/- + ২৪০০/- = ৪,৬০০/- (চার হাজার ছয় শত) টাকা পরিশোধ করতে হবে। উক্ত ফি'র সাথে কর্তৃপক্ষ নির্ধারিত ল্যাব ফি পরিশোধ করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীদের প্রদত্ত কোন অর্থ সমন্বয় হবে না।
- ৩। ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে ভর্তিকৃত যে সকল শিক্ষার্থী বিশেষ বিবেচনায় ২০১৮-১৯ শিক্ষাবর্ষে পুনঃভর্তির জন্য বিবেচিত হয়েছেন, তাদেরকে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানাসহ ২য় বর্ষের ভর্তি ফি'র সমপরিমাণ অর্থের(২২০০/-)সাথে পরবর্তী তিন বছরের সেশন ফি(৮০০/-×৩ = ২৪০০/-) দিয়ে অর্থাৎ ২০০০+২২০০/- + ২৪০০/- = ৬,৬০০/- (ছয় হাজার ছয় শত) টাকা পরিশোধ করতে হবে। উক্ত ফি'র সাথে কর্তৃপক্ষ নির্ধারিত ল্যাব ফি পরিশোধ করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীদের প্রদত্ত কোন অর্থ সমন্বয় হবে না।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

স্বা/-

রেজিস্ট্রার


বরিশাল বিশ্ববিদ্যালয়

তারিখ: ২৪ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

স্মারক নং-বিইউ/রেজি/একাডেমিক/পুনঃভর্তি/১৭২(ভলিউম-১)/ ১৫৫২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। ডিন, সকল অনুষদ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। বিভাগীয় চেয়ারম্যান, সকল বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৩। পরিচালক, অর্থ ও হিসাব, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৬। পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি দপ্তর, বরিশাল বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
- ৭। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। পিএ কাম-কম্পিউটার অপারেটর, ট্রেজারার মহোদয়ের কার্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয় (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। সোনালী ব্যাংক, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা।
- ১০। নোটিস বোর্ড।
- ১১। নথি।


রেজিস্ট্রার
বরিশাল বিশ্ববিদ্যালয়